



স্মারক ও তারিখ ঠিক রেখে সংশোধিত
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-১৪২/১৩৫৬

তারিখ:

২৯ অগ্রহায়ণ ১৪২৯

১৪ ডিসেম্বর ২০২২


বিষয়: রিট পিটিশন নং-৩০৪৫/২০২২ এ দরখাস্ত ১০.০৩.২০২১ খ্রি. তারিখের নিষ্পত্তি ও সুপার পদে দায়িত্বপালন প্রসঙ্গে।

- সূত্র: ১. জনাব মো: শাহজাহান সরকার এর ১০/০৩/২০২২ খ্রি. তারিখের আবেদন
২. রিট পিটিশন নং-৩০৪৫/২০২২
৩. নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-১৪২/১৩৫৬; তারিখ: ০৯ নভেম্বর ২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন বকশীগঞ্জ দ্বি-মুখী দাখিল মাদ্রাসার সুপার (সাময়িক বরখাস্তকৃত) জনাব মো: শাহজাহান সরকার মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩০৪৫/২০২২ দায়ের করেন। রিট পিটিশন নং-৩০৪৫/২০২২ এর আদেশে জনাব মো: শাহজাহান সরকার এর ১০.০৩.২০২২ খ্রি. তারিখের স্ব পদে পুনর্বহাল সংক্রান্ত আবেদন নিষ্পত্তি করার নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনা মোতাবেক বিগত ১০.০৩.২০২২ খ্রি. তারিখের দরখাস্ত নিষ্পত্তির লক্ষ্যে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য ভারপ্রাপ্ত সুপার, (সাময়িক বরখাস্তকৃত) এবং পরিচালনা কমিটির সভাপতিসহ সংশ্লিষ্ট সকলকে সূত্রোক্ত ০৩ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। শুনানীতে সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার উপস্থিত হননি। জনাব মো: শাহজাহান সরকার (সাময়িক বরখাস্তকৃত সুপার) উপস্থিত হয়ে মৌখিক বক্তব্য প্রদান ও প্রয়োজনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল করেন। দাখিলকৃত কাগজপত্র ও লিখিত বক্তব্যের বিস্তারিত পর্যালোচনায় সুপার জনাব মো: শাহজাহান সরকার এর বরখাস্তকরণ প্রক্রিয়া বেসরকারী মাদ্রাসা শিক্ষকের চাকরিবিধি-১৯৭৯ এর বিধি ১৪ (১) অনুসারে কারণ দর্শানোসহ বিধি ১৪ (২) এর পরিপন্থী মর্মে প্রতীয়মান হয়। উল্লেখ্য জেলা প্রশাসক, গাইবান্ধা কর্তৃক নং-০৫.৫৫.৩২০০.০২২.৩৭.০৭৯.১৩.১২৩৩; তারিখ: ০৭ জুন ২০২২ খ্রি. স্মারকে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ করেন। উক্ত প্রতিবেদনে মহামান্য হাইকোর্ট এর রিট পিটিশন নং-৩০৪৫/২০২২ এবং ১৮৬১৬/২০১৭ এর রায় মোতাবেক সাময়িক বরখাস্তের তারিখ হতে ম্যানেজিং কমিটি নির্ধারিত সময়ে তদন্ত করে জনাব মো: শাহজাহান সরকার এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ না করায় তিনি সাময়িক বরখাস্তের আদেশ হতে অব্যাহতি পেয়ে স্ব পদে পুনর্বহাল হয়েছেন তিনি মাদ্রাসার যাবতীয় কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন এবং ভারপ্রাপ্ত সুপার কর্তৃক দাখিলকৃত এডহক কমিটি অনুমোদন দেয়া সমীচীন নয় মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন।

বর্ণিত অবস্থায় জেলা প্রশাসক এর তদন্ত প্রতিবেদন এবং সকল কাগজপত্র পর্যালোচনায় বরখাস্তকরণ প্রক্রিয়া বিধি মোতাবেক না হওয়ায় মাদ্রাসাটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে জনাব মো: শাহজাহান সরকার পত্র জারির পর থেকে স্ব পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো এবং একই সাথে রিট পিটিশন নং-৩০৪৫/২০২২ এর আদেশ মোতাবেক জনাব মো: শাহজাহান সরকার এর ১০.০৩.২০২১ খ্রি. তাখের দরখাস্ত এতদ্বারা নিষ্পত্তি করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২৯.১২.২০২২

(মো: সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

জনাব মো: শাহজাহান সরকার, সুপার
বকশীগঞ্জ দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, সাদুল্লাপুর, গাইবান্ধা;

নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-১৪২/১৩৫৬

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯

১৪ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. জেলা প্রশাসক, গাইবান্ধা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা;
৪. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা;
৬. সভাপতি, বকশীগঞ্জ দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, সাদুল্লাপুর, গাইবান্ধা;
৭. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;

(মো: ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd


২৯/১২/২২